



মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

(এলাকা ডিষ্টিক পল্লী বিদ্যুতায়ন কার্যক্রম)

বাগজান, মুলজান, মানিকগঞ্জ।

ISO 9001:2015 CERTIFIED



টেলিফোনঃ ০২-৭৭১০৬৯৮, অভিযোগ কেন্দ্রঃ ০২-৭৭১০৬৬৩, ফ্যাক্সঃ ০২-৭৭১০৯১৩, ই-মেইলঃ manikgonjpbs@gmail.com ওয়েবঃ www.pbs.manikganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৬০০.৫৪১.০২.০০৮.২৬. ৪৪৫৩

তারিখঃ ২৭ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
১২ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

“রিটেইনার ডাক্তার চুক্তিভিত্তিক নিয়োগ বিজ্ঞপ্তি”

মানিকগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তর ও হরিরামপুর জোনাল অফিসের কর্মকর্তা/কর্মচারী/তাদের পরিবারের সদস্যদের চিকিৎসা সেবা প্রদান এবং চিকিৎসা সংক্রান্ত পরামর্শ প্রদানের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-২৯ এর আলোকে পবিসের সদর দপ্তরের জন্য ০১ (এক) জন এবং হরিরামপুর জোনাল অফিসের জন্য ০১ (এক) জন রিটেইনার ডাক্তার চুক্তিভিত্তিক নিয়োগের জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১। প্রার্থীকে যে কোন স্বীকৃত মেডিকেল কলেজ হতে এম.বি.বি.এস ডিগ্রিধারী হতে হবে। যে কোন বিষয়ে বিশেষজ্ঞদের অগ্রাধিকার দেয়া হবে। বিএমডিসি কর্তৃক রেজিস্ট্রেশনধারী হতে হবে (সনদের ফটোকপি জমা দিতে হবে)।
- ০২। প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক এবং সদর দপ্তরে নিয়োগ পেতে ইচ্ছুক প্রার্থীকে মানিকগঞ্জ সদর উপজেলায় এবং হরিরামপুর জোনাল অফিসের প্রার্থীকে হরিরামপুর উপজেলায় চিকিৎসা সেবায় নিয়োজিত থাকতে হবে।
- ০৩। আলোচ্য পদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। যে কোন পক্ষের ৩০ (ত্রিশ) দিনের অর্থাৎ এক মাসের পূর্ব নোটিশের মাধ্যমে সম্পাদিত চুক্তি বাতিল করতে পারবেন।
- ০৪। আবেদনকারী কোন প্রতিষ্ঠানে কর্মরত থাকলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনাপত্তি সনদ দাখিল করতে হবে।
- ০৫। আবেদনকারীকে অত্র পবিসের সদর দপ্তর/হরিরামপুর জোনাল অফিসের মেডিকেল রিটেইনার হিসাবে ০৩ (তিন) বৎসরের জন্য (চুক্তিভিত্তিক) নিয়োগ করা হবে।
- ০৬। মেডিকেল রিটেইনার হিসাবে কর্মকালীন সময়ে পবিস নির্দেশিকা মোতাবেক বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক নির্ধারিত হারে মাসিক ভিত্তিতে সম্মানী প্রদান করা হবে।
- ০৭। নিয়োগপ্রাপ্ত মেডিকেল রিটেইনারকে সপ্তাহে কমপক্ষে ০২ (দুই) দিন অত্র পবিসের সদর দপ্তর/হরিরামপুর জোনাল অফিসে গমন করে কোন ধরনের ফি ব্যতিরেকে বর্ণিত অফিসের কর্মকর্তা/কর্মচারী ও তাদের স্ত্রী/স্বামী এবং সন্তানগণকে চিকিৎসা সহায়তা ও পরামর্শ প্রদান করতে হবে।
- ০৮। অত্র পবিসের সদর দপ্তর/হরিরামপুর জোনাল অফিসের কর্মকর্তা/কর্মচারী এবং তাদের স্ত্রী/স্বামী ও সন্তানগণকে কোন ধরনের ফি ব্যতিরেকে মেডিকেল রিটেইনার এর নিজস্ব চেম্বারে যে কোন দিন চিকিৎসা সহায়তা ও পরামর্শ প্রদান করতে হবে।
- ০৯। একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে নিয়োজিত থাকতে পারবেন না।
- ১০। ০৩ (তিন) বছরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার পর যিনি উক্ত পদে অধিষ্ঠিত থাকবেন তিনি পুনরায় আবেদন করতে পারবেন।
- ১১। প্রয়োজনে অত্র সমিতির কোন কর্মকর্তা/কর্মচারীর বাসায় ডাকা (On Call) হলে যানবাহনের ব্যবস্থা করা সম্ভব না হলে পৃথক ফি প্রদান করা হবে।
- ১২। উপর্যুক্ত শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয় নিম্নলিখিত ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

বর্ণিত পদে নিয়োগ প্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীদের খামের উপরে পদের নাম উল্লেখ পূর্বক সাদা কাগজে নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জাতীয়তা ইত্যাদি উল্লেখ পূর্বক লিখিত দরখাস্তের সাথে সকল সনদ পত্রের সত্যায়িত অনুলিপি, সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, নাগরিকত্ব সনদ পত্র, জাতীয় পরিচয়পত্র, জন্ম সনদ এবং রেজিস্ট্রেশন সনদের সত্যায়িত ফটোকপি আবেদন পত্রের সাথে সংযুক্ত করে আগামী ০২/১১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর পৌছাতে হবে।

(প্রকৌঃ মোঃ গোলাম মোস্তফা)

সিনিয়র জেনারেল ম্যানেজার

অনুলিপি: (সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো), জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে. অ.) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (আইসিটি) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ০৪। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
- ০৫। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ০৬। পুলিশ সুপার, মানিকগঞ্জ।
- ০৭। সিভিল সার্জন, মানিকগঞ্জ।
- ০৮। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।
- ০৯। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মানিকগঞ্জ সদর/হরিরামপুর/সিংগাইর/সাতুরিয়া/ঘিওর/শিবালয়/দৌলতপুর।
- ১০। ডিজিএম (সদর দপ্তর-কারিগরি/মানিকগঞ্জ/সিংগাইর/ঘিওর/সাতুরিয়া/হরিরামপুর জোনাল অফিস), মানিকগঞ্জ পবিস।
- ১১। এজিএম (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/প্রশাসন/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/পিএন্ডএম), মানিকগঞ্জ পবিস।
- ১২। এজিএম (ওএন্ডএম-দৌলতপুর/শিবালয় সাব-জোনাল অফিস), মানিকগঞ্জ পবিস।
- ১৩। এজিএম (আইটি), মানিকগঞ্জ পবিস (বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য নির্দেশসহ)।
- ১৪। নোটিশ বোর্ড/ওয়েব সাইট (www.pbs.manikganj.gov.bd), মানিকগঞ্জ পবিস।
- ১৫। অফিস কপি/মাস্টার কপি।

(প্রকৌঃ মোঃ গোলাম মোস্তফা)

সিনিয়র জেনারেল ম্যানেজার

১২-১০-২৬